

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
www.dae.gov.bd


স্মারক নং- ডি/জি/ডিএই/৯৩৭

তারিখঃ ২২.১২.২০১৬খ্রিঃ

বিজ্ঞপ্তি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদ্‌যাপন উপলক্ষে সরকার সর্বস্তরের জনগনকে রাষ্ট্রীয় উন্নয়ন উদ্যোগের ফলাফল অবহিত করা এবং উন্নয়ন কর্মকাণ্ডে উৎসাহিত করার লক্ষ্যে ৯-১১ জানুয়ারী ২০১৭ দেশব্যাপী উন্নয়ন মেলা অনুষ্ঠানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। মেলায় সকল সরকারী দপ্তর ও প্রতিষ্ঠান তাদের উন্নয়নের চিত্র তুলে ধরবে। এ মেলায় কৃষি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলি স্বাধীনতার পর হতে এ পর্যন্ত কৃষি উন্নয়নের চিত্র প্রচার করবে। কৃষি উন্নয়নের সময়কালগুলোকে ১৯৭১ হতে ১৯৭৫, ১৯৭৫ হতে ১৯৯০, ১৯৯০ হতে ১৯৯৬, ১৯৯৬ হতে ২০০১, ২০০১ হতে ২০০৯ এবং ২০০৯ হতে এ পর্যন্ত পর্বে বিভক্ত করে উন্নয়নের সুস্পষ্ট চিত্র তুলে ধরতে হবে। এ সময়গুলোতে কৃষি উপকরণ ব্যবহারে ক্রমবিবর্তন, কৃষি ক্ষেত্রে নতুন উদ্ভাবন ও কৃষি প্রযুক্তির বিস্তার এবং কৃষির অগ্রগতির চিত্র পোস্টার এর চার্টের মাধ্যমে প্রকাশ করতে হবে। জেলা পর্যায়ে উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর নেতৃত্বে সংশ্লিষ্ট জেলার কৃষি বিষয়ক অফিস প্রধানগণের সমন্বয়ে উন্নয়ন মেলা-২০১৭ এর স্টল তৈরি এবং স্টল সুসজ্জিত ও পরিচালনা করতে হবে। সদর উপজেলাগুলো সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালকের সাথে সমন্বয় করে জেলার মেলায় অংশগ্রহণ করবে। অন্যান্য উপজেলাগুলো উপজেলা পরিষদের পৃষ্ঠপোষকতায় উপজেলা পর্যায়ে কৃষি সংশ্লিষ্ট অফিস প্রধানদের সাথে সমন্বয় করে মেলায় অংশগ্রহণ করবে। মেলা শেষে জেলা ও উপজেলা থেকে একটি তথ্য ও ছবি সম্বলিত প্রতিবেদন তৈরী করে প্রধান কার্যালয়ে পাঠাতে হবে।

উন্নয়ন মেলায় উল্লেখিত সময়কালে কৃষি উন্নয়ন ও রূপান্তরের সুস্পষ্ট চিত্র সুন্দরভাবে তুলে ধরার জন্য সংশ্লিষ্ট সকলের নিবিড় অংশগ্রহণ ও আন্তরিক প্রচেষ্টা একান্তভাবে কামনা করা হচ্ছে।


(মোঃ হামিদুর রহমান) ২২/১২
মহাপরিচালক

অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

১. পরিচালক, উইং(সকল), ডিএই, খামারবাড়ি, ঢাকা।
২. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, অঞ্চল,(সকল)।
৩. অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট,(সকল)।
৪. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,(সকল)।
৫. উপ-পরিচালক/সংগনিরোধ কীটতত্ত্ববিদ, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র,(সকল)
৬. উপ-পরিচালক/ উদ্যানাতত্ত্ববিদ, হার্টিকালচার সেন্টার,(সকল)
৭. উপ-পরিচালক(আইসিটি), পরিকল্পনা প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
৮. উপজেলা কৃষি অফিসার, উপজেলা কৃষি অফিস,(সকল)।

অনুলিপি : সদয় অবগতির জন্য

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।